# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬২৭

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَصْدَقُ الرُّؤْيَا بِالْأَسْحَارِ» . رَوَاهُ التِّرْمِذِيّ والدارمي
نِهَايَةَ الْجُزْء الثَّانِي

বাংলা

৪৬২৭-[২২] আবূ সা’ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ভোর রাত্রের স্বপ্ন সবচেয়ে সত্য। (তিরমিযী ও দারিমী)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২২৭৪, য‘ঈফাহ্ ১৭৩২, দারিমী ২১৪৬, য‘ঈফুল জামি‘উস্ সগীর ৮৮৭, শু‘আবুল ঈমান ৪৭৬৮, আবূ ইয়া‘লা ১৩৫৭, আহমাদ ১১৬৫০।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে ‘‘দাররাজ’’ নামের বর্ণনাকারী য‘ঈফ। দেখুন- য‘ঈফাহ্ ৪/২১৮ পৃঃ, হাঃ ১৭৩২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসের মাধ্যমের জানা যায় ভোর রাতের স্বপ্ন অধিক সত্য হয়। কেননা এ সময়ে আল্লাহ তা‘আলা সর্বনিম্নের আকাশে নেমে আসেন। বান্দার ওপর আল্লাহর রহমত ক্ষমা অবতীর্ণ হয়। আর এ সময়ে বিশেষভাবে ফজরের সালাতে মালায়িকাহ্ (ফেরেশতামণ্ডলী) নাযিল হয়। শয়তান মানুষকে কুমন্ত্রণা দিতে পারে না। তাই এ সময়ের স্বপ্ন অধিক সত্য হয়। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75351

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন